



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৫৭

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

বিষয়: রংপুর বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে ৩০০০ মে.টন গম/২০২০ চলাচলসূচি জারির অনুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ০৭/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০৮.০০০০.০০৫.৪৭.০৬৮.১৯.১১৩৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, পত্রে উল্লেখ করা হয়েছে, ঠাকুরগাঁও একটি সংগ্রহপ্রবণ জেলা। উক্ত জেলার মোট সংগ্রহের বিপরীতে বিলি-বিতরণের খাত খুবই সীমিত। গম সংগ্রহ/২০২০ মৌসুমে ঠাকুরগাঁও জেলায় ২৪০৬১ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে ২২০৩১ মে.টন গম সংগৃহীত হয়েছে। চলমান গম ও বোরো সংগ্রহ/২০২০ মৌসুমে নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সদ্য সংগৃহীত গম/২০২০ বিভাগের বাহিরে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঠাকুরগাঁও জেলার যেসকল এলএসডিতে ধারণ ক্ষমতার অতিরিক্ত খাদ্যশস্য মজুত রয়েছে ঐ সকল এলএসডি হতে বোরো/২০২০ সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে বগুড়া জেলার সান্তাহার সাইলোতে ৩০০০ মে.টন গম/২০২০ চলাচল সূচির অনুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

**সারণি-১ : রংপুর বিভাগ হতে সান্তাহার সাইলোতে গম/২০২০ চলাচল সূচির অনুমোদন প্রস্তাব**

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র		প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও	এলএসডি	বগুড়া	সান্তাহার	সাইলো	৩০০	গম/২০২০	সড়ক	আখানি, রংপুর উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ভুল্লিরহাট	"	ঐ	ঐ	"	৪০০	ঐ	ঐ	
৩.	ঐ	পীরগঞ্জ	"	ঐ	ঐ	"	৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	ভোমরাডহ	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
৫.	ঐ	রানীসংকৈল	"	ঐ	ঐ	"	২০০	ঐ	ঐ	
৬.	ঐ	নেকমরদ	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	হরিপুর	"	ঐ	ঐ	"	২০০	ঐ	ঐ	
৮.	ঐ	যাদুরানী	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
৯.	ঐ	বালিয়াডাঙ্গী	"	ঐ	ঐ	"	৫০০	ঐ	ঐ	
					মোট =		৩০০০			

অনুসরণীয় নির্দেশনাঃ


(১) পূর্বানুমোদনের আওতায় গমের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি

খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে কৃষক কর্তৃক সরবরাহতব্য গমের বস্তার অপর পৃষ্ঠে বিধিমোতাবেক এলএসডি'র নাম, সংগ্রহ মৌসুম ও অন্যান্য তথ্যাদি সম্বলিত স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১০-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৫৭/১(৯)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও, রংপুর।



১০-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক